অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গাঁজা চাষীদের জন্য লাইসেন্সিং ফি মওকুফের কথা ঘোষণা করেছেন

গাঁজা নিয়ন্ত্রণ বোর্ড দুই বছরের জন্য লাইসেন্সিং ফি মওকুফ করার পক্ষে ভোট দিয়েছে

বোর্ড 114টি নতুন লাইসেন্সের অনুমোদন দয়েছে, যার ফলে এই বছর প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের মোট লাইসেন্সের সংখ্যা হল 223টি

বৈধতার তিন-বছর পূর্তির আগে, নিউ ইয়র্কের 88টি লাইসেন্স প্রাপ্ত ডিসপেনসারি রয়েছে এবং স্টেট ব্যাপী আরো দোকান খুলতে চলেছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট গাঁজা নিয়ন্ত্রণ বোর্ড (New York State Cannabis Control Board) প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের শর্তাধীন চাষীদের লাইসেন্সিং ফি মওকুফের পক্ষে ভোট দিয়েছে। উপরন্তু, বোর্ড 114টি নতুন লাইসেন্সের অনুমোদন দিয়েছে, যার মধ্যে রয়েছে 45টি রিটেল ডিসপেনসারি এবং 31টি মাইক্রোবিজনেস লাইসেন্স। বৈধতার তিন-বছর পূর্তির প্রাক্কালে, নিউ ইয়র্কের 88টি লাইসেন্স প্রাপ্ত ডিসপেনসারি রয়েছে এবং স্টেটব্যাপী আরো দোকান খুলতে চলেছে। আজ পর্যন্ত, 2024 সালেই 223টি লাইসেন্স মঞ্জুর করা হয়েছে।

"কৃষকরা আমাদের স্টেটের মেরুদন্ড এবং নিউ ইয়র্ক জুড়ে আমাদের গাঁজা শিল্প গড়ে তোলা পারিবারিক খামারগুলোর কাছে যাতে সফল হওয়ার একটি প্রকৃত সুযোগ থাকে, সেটিই আমরা নিশ্চিত করে তুলছি," **বলেছেন গভর্নর হোকল।** "আমি স্পষ্ট করে বলেছি যে নিউ ইয়র্ক স্টেটকে আরো ডিসপেনসারি লাইসেন্স ইস্যু করতে এবং নিউ ইয়র্কে গাঁজার বিক্রি আরো বাড়াতে হবে এবং প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের শর্তাধীন চাষীদের জন্য এই দুই-বছরের প্রতিশ্রুতি নিশ্চিত করবে যে এই কৃষকরা এই ক্রমবর্ধমান শিল্পের সুবিধাগুলিকে কাজে লাগাতে পারবে।"

ফি মওকুফটি, শর্তহীন লাইসেন্সের ধরনগুলিকে রূপান্তরিত করার ক্ষেত্রে প্রযোজ্য, যার মধ্যে রয়েছে চাষের লাইসেন্স এবং লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির টায়ার এবং ক্যানোপির আকারের ওপর নির্ভর করে 4,500 ডলার থেকে শুরু করে 40,000 ডলার পর্যন্ত শর্তাধীন চাষীর জন্য মাইক্রোবিজনেস লাইসেন্সগুলির ফি।

গাঁজা নিয়ন্ত্রণ বোর্ড (CCB) মোট 114টি লাইসেন্স ইস্যু করেছে, যার মধ্যে 45টি একটি রিটেল ডিসপেনসারি খুলতে চাইছেন এমন আবেদনকারীদের কাছে এবং আরও 31টি একটি

মাইক্রোবিজনেস লাইসেন্সের পরিচালনা করতে চাইছেন এমন আবেদনকারীদের কাছে যাচ্ছে যা একজন লাইসেন্সধারীকে একটি লাইসেন্সের অধীনে চাষ, প্রক্রিয়াকরণ, বিতরণ এবং বিক্রি করতে দেয়। CCB 2023 সালে অক্টোবর 4-এ খোলা আবেদনের উইন্ডোর সময় আবেদনকারী উদ্যোক্তাদের জন্য ১৪টি শর্তহীন প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের গাঁজার লাইসেন্সও অনুমোদন করেছে।

গাঁজা ব্যবস্থাপনা কার্যালয়ের (Office of Cannabis Management) নির্বাহী পরিচালক ক্রিস আলেকজান্ডার বলেছেন, "নিউ ইয়র্ক স্টেটের গাঁজার বাজার সঠিক দিশায় এগোচ্ছে এবং দুই বছরের জন্য লাইসেন্স ফি মওকুফ করে, আমরা নিশ্চিত করছি যে শর্তাধীন চাষীরা যেন এই ক্রমবর্ধমান শিল্পের পুরস্কারগুলিকে কাজে লাগানোর একটি সুযোগ পান। যেহেতু আমরা নিউ ইয়র্ক স্টেটে প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের গাঁজাকে বৈধতার তিন বছলে চিহ্নিত করছি তাই আমরা আমাদের গাঁজা শিল্পের এই পরবর্তী অধ্যায় দেখার প্রতীক্ষায় রয়েছি।"

গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের সভাপতি ট্রিমাইন রাইট বলেছেন, "একশোর বেশি প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের গাঁজার লাইসেন্স ইস্যু করে আজ আমাদের বাজার প্রতিযোগিতা, বিকল্প এবং সাম্যের একটি বাজার গড়ে তোলার দিকে আরো এক ধাপ এগিয়ে গেল। গাঁজা নিয়ন্ত্রণ বোর্ড এই বাজারকে আমাদের সকলের জানা সম্ভাব্য উপায়গুলিতে আরো বড় এবং দীর্ঘস্থায়ী করে তুলতে সহায়তা করার জন্য প্রস্তুত এবং আমাদের পরবর্তী মিটিংগুলিতে আমরা আরো এই ধরনের লাইসেন্স ইস্যু করার অপেক্ষায় রয়েছি।"

আজকে খুচরা বিক্রেতা এবং ক্ষুদ্র ব্যবসাগুলির লাইসেন্সের জন্য অনুমোদিত আবেদনকারীরা সেই ব্যক্তি যারা 17ই নভেম্বরের সময়সীমার আগে তাদের আবেদনগুলি জমা দিয়েছিলেন এবং তাদের নিয়ন্ত্রণে একটি নির্দিষ্ট অবস্থান রয়েছে। 17ই নভেম্বরের সময়সীমার মধ্যে আবেদন করেছেন এমন আবেদনকারীদের জন্য এবং 18ই ডিসেম্বরের সময়সীমার মধ্যে আবেদনকারীদের জন্য, আগামী কয়েক মাসে CCB মিটিংগুলিতে লটারির ভিত্তিতে অতিরিক্ত লাইসেন্সগুলি জারি করা হবে। দপ্তরটি অনুমান করছে যে পরবর্তী CCB মিটিংগুলিতে বোর্ডের অনুমোদনের জন্য একটি উল্লেখযোগ্য সংখ্যক আবেদন জমা পড়বে।

এই লাইসেন্সগুলি ইস্যুর পাশাপাশি, গাঁজা নিয়ন্ত্রণ বোর্ড 17টি গাঁজা পরীক্ষার ল্যাবরেটরির জন্য অনুমতিপত্র নবায়নের পক্ষেও ভোট দিয়েছে। এই পরীক্ষার ল্যাবরেটরিগুলি বৈধ গাঁজার বাজারের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ যেহেতু তারা নিশ্চিত করতে সহায়তা করে যে লাইসেন্সপ্রাপ্ত ডিসপেনসারিতে বিক্রিত গাঁজা যে দূষিত নয় তা পরীক্ষিত এবং সেটি কতটা শক্তিশালী তা লেবেলে নির্ভুলভাবে উল্লেখ করা থাকে।

ফেব্রুয়ারি, 16-তে, গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের শেষ মিটিং থেকে, নতুন প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের গাঁজার ডিসপেনসারিগুলি নিউ ইয়র্ক স্টেট জুড়ে তাদের দ্বার উন্মুক্ত করেছে। ডিসেম্বর মাসে, নিউ ইয়র্কের রিটেল গাঁজা লাইসেন্সগুলিকে তাদের দ্বার উন্মুক্ত করা থেকে আটকানো একটি আদেশ তুলে নেওয়ার পর থেকে এটি দোকান খোলার দ্রুত গতির একটি ধারাবাহিকতা।

শেষ CCB মিটিং এর পর থেকে, প্রাপ্তবয়স্কের-ব্যবহারের রিটেল ডিসপেনসারিগুলি নিম্নলিখিত মিউনিসিপ্যালিটিগুলিতে খুলেছে:

- কোহোস, আলবানি কাউন্টি
- দ্যা ব্রঙ্কস, ব্রঙ্কস কাউন্টি
- বাফেলো, ইরি কাউন্টি (2)
- আমহার্স্ট, ইরি কাউন্টি
- ব্রুকলিন, কিংস কাউন্টি (3)
- ম্যানহাটন, নিউ ইয়র্ক কাউন্টি
- ইউটিকা, ওনাইডা কাউন্টি
- ক্লে, ওনোন্ডাগ কাউন্টি
- জামাইকা, কুইন্স কাউন্টি
- লং আইল্যান্ড সিটি, কুইন্স কাউন্টি
- মিডিল ভিলেজ, কুইন্স কাউন্টি
- ওকল্যান্ড গার্ডেন্স, কুইন্স কাউন্টি
- মাউন্ট ভার্নন, ওয়েস্টচেস্টার কাউন্টি

নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত প্রাপ্তবয়স্কদের-ব্যবহারের জন্য গাঁজার খুচরা বিক্রেতাদের সম্পূর্ণ তালিকা এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন